

আইএস প্রতীকের টুপি নিয়ে পরস্পরবিরোধী বক্তব্য আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর তীব্র নিন্দা

গুলশানের হোলি আর্টিজান বেকারিতে জঙ্গি হামলার ঘটনায় করা মামলার রায় ঘোষণার পর আসামিদের মাথায় আন্তর্জাতিক জঙ্গি সংগঠন আইএসএর প্রতীক সংবলিত টুপি দেখা যায়। তিন বছর কারাগারে বন্দী অবস্থায় থাকার পর আসামীদের কড়া নিরাপত্তায় রায় ঘোষণার দিন আদালতে হাজির করা হয়। তারপরেও আসামিরা কিভাবে এ টুপি পেলো, তা নিয়ে ব্যাপক বিতর্কের সূত্রপাত হয়। ঘটনা খতিয়ে দেখতে পুলিশ এবং কারা কর্তৃপক্ষ পৃথক দু'টি তদন্ত কমিটি গঠন করেছে। পুলিশের পক্ষ থেকে বলা হয়েছে, এ টুপি কারাগার থেকেই আসামিরা আদালতে নিয়ে গেছেন। অন্য দিকে কারা কর্তৃপক্ষ বলেছে এ টুপি কারাগার থেকে যায়নি।

রাষ্ট্রের দুটি গুরুত্বপূর্ণ বিভাগের বিপরীতমুখি এবং দায়িত্বজ্ঞানহীন বক্তব্যে আসক উদ্বেগ ও হতাশা ব্যক্ত করেছে। আসক মনে করে, জনগণের নিরাপত্তায় নিয়োজিত বাহিনীর বক্তব্যে নিজেদের দায় এড়ানোর প্রবণতা পরিলক্ষিত হচ্ছে। যেভাবেই এ ঘটনা ঘটুক না কেন একে অন্যের উপর দায় না চাপিয়ে জাতীয় স্বার্থে বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রকৃত সত্য উদঘাটনে অনতিবিলম্বে নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্ত নিশ্চিত করার আহ্বান জানাচ্ছে আসক। একই সাথে তদন্ত শেষে আনুষ্ঠানিকভাবে জনগণকে গণমাধ্যমের মাধ্যমে প্রকৃতপক্ষে কি ঘটেছে এবং জড়িতদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেয়া হয়েছে তা জানানোর দাবি জানাচ্ছি।